

## অত্র কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির শর্তাবলী

১. একাদশ শ্রেণীর ভর্তি কার্যক্রম অনলাইনের মাধ্যমে অত্র কলেজের ওয়েব সাইট [www.jdc.edu.bd](http://www.jdc.edu.bd) এর মাধ্যমে সম্পন্ন করা হবে।
২. একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মাসিক বেতন ২০০(দুইশত) টাকা। ভর্তির সময় ৬(ছয়) মাসের বেতন পরিশোধ করতে হবে।
৩. ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম ক্লাস থেকেই কলেজের নির্ধারিত ইউনিফর্ম ও সাদা কেটস পরিধান করে শ্রেণীকক্ষে আসতে হবে।
৪. সকাল ১০ ঘটিকা হতে ক্লাস চলাকালিন সময় কলেজের মূল ফটক বন্ধ থাকবে। এ সময় কোন শিক্ষার্থী কলেজে প্রবেশ ও বাহির হতে পারবে না।
৫. উপ-বৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ক্লাশে ৭৫% উপস্থিতি ও অভ্যন্তরীণ পরীক্ষায় ৪৫% নম্বর পেতে হবে। অন্যথায় পরবর্তীতে সরকারি নীতিমালা অনুযায়ী উপ-বৃত্তির সুবিধা বন্ধ হয়ে যাবে।
৬. প্রথম বর্ষের প্রথম সাময়িকী পরীক্ষা বাধ্যতামূলক।(পাঠদান কার্যক্রম শুরু হওয়ার ৬ মাসের মধ্যে প্রথম সাময়িকী পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৭. প্রথম সাময়িকী পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ৬ মাসের মধ্যে প্রথম বর্ষের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৮. বার্ষিক পরীক্ষার পূর্বে বেতনসহ সমুদয় বকেয়া পরিশোধ করতে হবে। বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। অন্যথায় দ্বিতীয় বর্ষে ভর্তির অনুমতি দেওয়া হবে না।
৯. বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নির্ধারিত ফি ৪০০/= (চারশত) টাকা প্রদান করে দ্বিতীয় বর্ষে ভর্তি হতে হবে।
১০. অধ্যক্ষ মহোদয়ের নিকট থেকে ছুটির অনুমতি ব্যতিত কোন শিক্ষার্থী ক্লাশে অনুপস্থিত থাকতে পারবে না। ছুটির অনুমতি ব্যতিত ক্লাশে অনুপস্থিত থাকলে বিষয় প্রতি ১০(দশ) টাকা হারে জরিমানা প্রদান পূর্বক পরবর্তি ক্লাশে অংশ গ্রহণ করতে হবে।
১১. অত্র কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম ক্লাসে ফুল দিয়ে বরণ করে নেয়া হবে। পরবর্তিতে কোন নবীন বরণ অনুষ্ঠান করা হবে না।
১২. ০১/০৩/২০২৩ইং তারিখ রোজ বুধবার কলেজ কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত "বঙ্গবন্ধু সাফারী পার্ক, গাজীপুর/ড্রীমল্যান্ড পার্ক, নরসিংদী-তে শিক্ষা সফর অনুষ্ঠিত হবে।
১৩. নির্বাচনী পরীক্ষা বাধ্যতামূলক। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হলে কোন ভাবেই পাবলিক পরীক্ষার ফরম পূরণ করা যাবে না।
১৪. সপ্তাহে প্রতি রবিবার সকাল ৯ ঘটিকায় পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ, জাতীয় পতাকাকে সম্মান প্রদর্শন, শপথ বাক্য পাঠ ও জাতীয় সংগীত পরিবেশন করা হবে। উক্ত কর্মসূচীতে সকলের উপস্থিতি বাধ্যতামূলক।
১৫. সপ্তাহের প্রতি বৃহস্পতিবার দুপুর ১২ ঘটিকা হইতে সংস্কৃতি ও স্কাউট দলের অনুশীলন চর্চা করা হবে।
১৬. কলেজের সকল তথ্য ওয়েবসাইট [www.jdc.edu.bd](http://www.jdc.edu.bd) ও ফেইসবুক পেজ (জোনাইল ডিগ্রী কলেজ) এর মাধ্যমে জানা যাবে।

উপরে উল্লিখিত সকল শর্তাবলী মেনে নিয়ে অত্র কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি হলাম।

## ২০২২-২০২৩ইং শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য অনলাইন আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজ-পত্রাদি জমাদিতে হবে

- ❖ এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও প্রশংসাপত্র দুই সেট ফটোকপিসহ।
- ❖ শিক্ষার্থীদের ডিজিটাল জন্মনিবন্ধন সনদের(বাংলা ও ইংরেজী) ফটোকপি।
- ❖ পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের(NID) ফটোকপি।
- ❖ পিতা ও মাতার অবর্তমানে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের(NID) ফটোকপি।
- ❖ পিতা ও মাতার ডিজিটাল জন্ম সনদের ফটোকপি (যদি থাকে)।
- ❖ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি রজ্জিন ছবি। প্রকাশ থাকে যে, মেয়েদের দুই কর্ণ/কান প্রদর্শন হয় এমন ছবি এবং ছেলেদের কলার যুক্ত শার্ট পরিধান করা ছবি হতে হবে।
- ❖ অত্র কলেজে ভর্তির জন্য অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম ১ কপি।
- ❖ ভর্তির শর্তাবলির ফরম ভালভাবে পড়ে অভিভাবক ও শিক্ষার্থীর স্বাক্ষরসহ ফরম।
- ❖ অত্র কলেজে ভর্তির জন্য অনলাইন ফরম পূরণের প্রাথমিক আবেদন ফি জমাদানের রশিদ ১ কপি।
- ❖ অত্র কলেজে ভর্তির জন্য অনলাইনে মূল ফরম পূরণের পর ভর্তি ফি জমাদানের রশিদ ১ কপি।

(আবুল আছর মোঃ শফিউজ্জামান)

অধ্যক্ষ,

জোনাইল ডিগ্রী কলেজ,

বড়াইগ্রাম, নাটোর।

মোবাইল-০১৭১৬৪৯৯৭৪৫

ডাকঘরঃ জোনাইল, উপজেলাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর।

স্থাপিতঃ ১৯৯৬ইং

EIIN: 123979, Web: www.jdc.edu.bd, E-mail: jonailcollege@gmail.com

কলেজ কোডঃ উচ্চ মাধ্যমিক-2155, ডিগ্রী-2330

অত্র কলেজে উচ্চ মাধ্যমিক স্তরে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের বিষয় গুচ্ছ সমূহ নিম্ন রূপে:

আবশ্যিক বিষয়সমূহ(সকল বিভাগের ছাত্র/ছাত্রীদের জন্য)

বিষয়	বিষয় কোড
বাংলা	১০১-১০২
ইংরেজি	১০৭-১০৮
আই.সি.টি	২৭৫


শিক্ষার্থীদের পঠিতব্য নৈর্বাচনিক ও ঐচ্ছিক বিষয় সমূহের বিবরণ:-

শাখা	শাখা ভিত্তিক নৈর্বাচনিক বিষয়: ৩টি	বিষয় কোড	শাখা ভিত্তিক ঐচ্ছিক বিষয়: ১টি	বিষয় কোড
বিজ্ঞান	১। পদার্থ বিজ্ঞান	১৭৪-১৭৫	১। জীববিজ্ঞান	১৭৮-১৭৯
	২। রসায়ন বিজ্ঞান	১৭৬-১৭৭	২। উচ্চতর গণিত	২৬৫-২৬৬
	৩। জীব বিজ্ঞান	১৭৮-১৭৯	৩। পরিসংখ্যান	১২৯-১৩০
	৪। উচ্চতর গণিত	২৬৫-২৬৬		
মানবিক	১। অর্থনীতি	১০৯-১১০	১। যুক্তিবিদ্যা	১২১-১২২
	২। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৩০৪-৩০৫/২৬৭-২৬৮	২। ইসলামী শিক্ষা	২৪৯-২৫০
	৩। পৌরনীতি ও সুশাসন	২৬৯-২৭০	৩। গার্হস্থ্য বিজ্ঞান	২৭৩-২৭৪
	৪। সমাজবিজ্ঞান/সমাজকর্ম	১১৭-১১৮/২৭১-২৭২	৪। কৃষি শিক্ষা	২৩৯-২৪০
	৫। যুক্তিবিদ্যা	১২১-১২২	৫। মনোবিজ্ঞান	১২৩-১২৪
	৬। ভূগোল	১২৫-১২৬		
ব্যবসায় শিক্ষা	১। হিসাব বিজ্ঞান	২৫৩-২৫৪	১। পরিসংখ্যান	১২৯-১৩০
	২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা	২৭৭-২৭৮	২। ফিন্যান্স ব্যাংকিং ও বিমা	২৯২-২৯৩
	৩। ফিন্যান্স ব্যাংকিং ও বিমা/ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপন্ন	২৯২-২৯৩/২৮৬-২৮৭	৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপন্ন	২৮৬-২৮৭

বিঃ দ্রঃ-

# প্রতিটি নৈর্বাচনিক ও ঐচ্ছিকবিষয় সমূহে সর্বোচ্চ আসন সংখ্যা ১০০। অনলাইন ফরম পূরণের সময় প্রতিটি বিষয়ের বিপরীতে অবশিষ্ট আসন সংখ্যা প্রদর্শিত হবে।

# শিক্ষার্থীদের সকল তথ্য কলেজের নোটিশ বোর্ড ও ওয়েব সাইট ([www.jdc.edu.bd](http://www.jdc.edu.bd))-এ পাওয়া যাবে।



(আবুল আছর মোঃ শফিউজ্জামান)

অধ্যক্ষ,

জোনাইল ডিগ্রী কলেজ,

বড়াইগ্রাম, নাটোর।

মোবাইল-০১৭১৬৪৯৯৭৪৫